

নং- ২২.০০.০০০০.০৭২.১৪.০৬০.১৬.৩৩২

তারিখ: ১৬ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
৩১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ও ইউএনডিপি-ইকেএনের অর্থায়নে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাদীন “Strengthening and Consolidation of Community Based Adaptation in the Ecological Critical Areas through Biodiversity Conservation and Social Protection (Strengthening and Consolidation of (CBA-ECA))” শীর্ষক প্রকল্পের ২য় সংশোধিত প্রশাসনিক আদেশ জারী সংক্রান্ত।

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের পত্র নং- ২২.০০.০০০০.০৭২.১৪.০৬০.১৬.৭২, তারিখ: ২০/০২/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের অনূবৃত্তিক্রমে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ৩১/১২/২০১৫ তারিখে জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৩৮তম সভায় ৭২৬.০০ (সাতশত ছাব্বিশ) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (তন্মধ্যে বিসিসিটি কর্তৃক ৫০০.০০ লক্ষ টাকা এবং ইউএনডিপি-ইকেএন কর্তৃক ২২৬.০০ লক্ষ টাকা) অনুমোদিত হয়। পরবর্তীতে গত ০৭/০৪/২০১৯ তারিখে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৫০তম সভায় আন্তঃখাত সমন্বয়পূর্বক ৮০.০০ (আশি) লক্ষ টাকা ব্যয় হ্রাস করে মোট ৬৪৬.০০ (ছয়শত ছেচল্লিশ) লক্ষ টাকা (তন্মধ্যে বিসিসিটি কর্তৃক ৪২০.০০ লক্ষ টাকা এবং ইউএনডিপি-ইকেএন কর্তৃক ২২৬.০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জুন, ২০২০ পর্যন্ত মেয়াদে প্রকল্পটি অনুমোদিত হয়। ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্পের ২য় সংশোধিত প্রশাসনিক আদেশ জারী করা হলো। অনুমোদিত প্রকল্প প্রস্তাবের এক প্রস্থ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।


প্রকল্পের মেয়াদকাল: জুলাই, ২০১৬ হতে ডিসেম্বর, ২০১৭।
১ম সংশোধিত মেয়াদকাল: জুলাই, ২০১৬ হতে ডিসেম্বর, ২০১৮।
২য় সংশোধিত মেয়াদকাল: জুলাই, ২০১৬ হতে জুন, ২০২০।
বাস্তবায়নকারী সংস্থা: পরিবেশ অধিদপ্তর।
প্রকল্পটির অনুমোদিত ব্যয় বিভাজন নিম্নরূপঃ

| ক্রঃ নং | অর্থনৈতিক কোড | খাতের বিবরণ | অর্থের উৎস | | টাকার পরিমাণ |
|----------------------|---------------|--------------------|------------|----------------|--------------|
| | | | বিসিসিটিএফ | ইউএনডিপি-ইকেএন | |
| ০১ | ৪৮০০ | সরবরাহ ও সেবা | ৩৩৭.৬০ | ২২৬.০০ | ৫৬৩.৬০ |
| (ক) মোট রাজস্ব ব্যয় | | | ৩৩৭.৬০ | ২২৬.০০ | ৫৬৩.৬০ |
| ০১ | ৬৮০০ | সম্পদ সংগ্রহ/ক্রয় | ৮২.৪০ | - | ৮২.৪০ |
| (খ) মোট মূলধন ব্যয় | | | ৮২.৪০ | - | ৮২.৪০ |
| সর্বমোট ব্যয় (ক+খ) | | | ৪২০.০০ | ২২৬.০০ | ৬৪৬.০০ |

(অংকসমূহ লক্ষ টাকায়)

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ

- প্রকল্প বাস্তবায়নের বিষয়ে এবং বরাদ্দকৃত এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে;
- এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rule (PPR), 2008 অনুসরণ করতে হবে;
- অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোন অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;
- প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) সভার কার্যবিবরণী নিয়মিত বিসিসিটিতে প্রেরণ করতে হবে;
- প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট-এ প্রেরণ করতে হবে;
- প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড এবং সফট কপি (bcctmoef@hotmail.com এই ই-মেইল ঠিকানায়) প্রেরণ নিশ্চিত করতে হবে;
- প্রকল্প এলাকার বর্তমান অবস্থা/পরিস্থিতির রঙ্গিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে;
- প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী সংস্থা/প্রশাসনিক মন্ত্রণালয়ের উপর বর্তাবে এবং প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্তির পর অডিট রিপোর্টের কপি বিসিসিটিতে যথাসময়ে প্রেরণ করতে হবে;
- প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি ট্রাস্ট কার্যালয়ে ফেরত প্রদান করতে হবে;


(মোঃ মিজানুর রহমান)
উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ১০১ মহাখালী, ঢাকা-১২১২।
- মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- কান্ট্রি ডাইরেক্টর, ইউএনডিপি, বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।